

ার্টি দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ যাকাত পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

যাকাতের নির্দিষ্ট অংশের চেয়ে বেশী দান করার হুকুম

যাকাতের নির্দিষ্ট অংশের চেয়ে বেশী পরিমাণ দান করা জায়েয এবং এই অতিরিক্ত দানের জন্য অতিরিক্ত নেকী অর্জিত হবে। হাদীছে এসেছে,

عَنْ أَبِيّ بْنِ كَعْبٍ قَالَ بَعَثَنِيْ النّبِيُّ صلى الله عليه وسلم مُصدَقًا فَمَرَرْتُ بِرَجُلِ فَلَمَّا جَمَعَ لِيْ مَالَهُ لَمْ أَجِدْ عَلَيْهِ فِيْهِ إِلاَّ ابْنَةَ مَخَاصٍ فَقُلْتُ لَهُ أَدْ ابْنَةَ مَخَاصٍ فَإِنَّهَا صَدَقَتُكَ فَقَالَ ذَاكَ مَا لاَ لَبَنَ فِيْهِ وَلاَ ظَهْرَ وَلَكِنْ هَذِهِ نَاقَةٌ فَتِيَّةٌ عَظْيْمَةٌ سَمِيْنَةٌ فَخُذْهَا فَقُلْتُ لَهُ مَا أَنَا بِآخِذِ مَا لَمْ أُوْمَرْ بِهِ وَهَذَا رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم مِنْكَ قَرِيْبٌ فَإِنْ وَجُبْتَ أَنْ تَأْتِيهُ فَتَعْرِضَ عَلَيْهِ مَا عَرَضَ عَلَيَّ فَافْعَلْ فَإِنْ قَبِلَهُ مِنْكَ قَبِلْتُهُ وَإِنْ رَدَّهُ عَلَيْكُ وَإِنْ رَدُّهُ عَلَيْكُ وَإِنْ رَدُّهُ قَالَ فَإِنِيْ فَعَلِ اللهِ عَلَى وَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ يَا نَبِيَّ اللهِ فَخَرَجَ مِعِيْ وَخَرَجَ بِالنَّاقَةِ الَّتِيْ عَرَضَ عَلَيَّ حَتَّى قَدَمْنَا عَلَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ يَا نَبِيً اللهِ فَخَرَجَ مَعِيْ وَخَرَجَ بِالنَّاقَةِ الَّتِيْ عَرَضَ عَلَيَّ وَايْمُ اللهِ مَا قَامَ فِيْ مَالِيْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَلاَ رَسُولُهُ قَطَّ أَتَانِيْ رَسُولُ اللهِ عليه وسلم وَلاَ رَسُولُهُ قَطَّ مَالِي فَرَعَمَ أَنَّ مَا عَلَيَ فِيهِ ابْنَةُ مَخَاصٍ وَذَلِكَ مَا لاَ لَبَن فِيْهِ وَلاَ ظَهْرَ وَقَدْ عَرَضْتُ عَلَيْهِ نَاقَةً فَتِيَّةً عَلَيْهِ وَقَبْلِيْمَةً لِيَأْخُذَهَا فَأَلَى لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه عَلَيْ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وقبْلِنَاهُ مِنْكَ قَالَ فَهَا هِى ذَهِ يَا رَسُولُ اللهِ عليه وَقَبْلِنَاهُ مِنْكَ قَالَ فَهَا هِى ذَهِ يَا رَسُولُ اللهِ عليه وَقَبْلِنَاهُ مِنْكَ قَالَ فَهَا هِى ذَهِ يَا رَسُولُ اللهِ عَلْ جَبِّلُكَ بِهَا فَلَ فَالَ فَهَا هَى ذِهِ يَا رَسُولُ اللهِ عليه وسلم نَقَبْضَهَا وَدَعَا لَهُ فِيْ مَالِهِ بِالْبَرِكَةِ _

উবাই ইবনু কা'ব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী (ছাঃ) আমাকে যাকাত আদায় করার জন্য প্রেরণ করলেন। আমি এক ব্যক্তির নিকট পৌঁছলাম, সে আমার সামনে তার সম্পদ উপস্থিত করল। তার যে সম্পদ ছিল তাতে তার উপর একটি এক বছর বয়সের উট যাকাত ফর্য ছিল। আমি বললাম, এক বছরের একটি উদ্ভি দিয়ে দাও। সে বলল, সে তো দুধও দিবে না এবং তার পিঠে আরহণ করাও যাবে না। কাজেই আমার এই যৌবনে পদার্পণকারী মোটা তাজা উদ্ভিটিই গ্রহণ করুন। তখন আমি বললাম, আমি রাস্লুল্লাহ (ছাঃ)-এর অনুমতি ছাড়া এটি গ্রহণ করতে পারব না। তবে রাস্ল (ছাঃ) তোমার থেকে নিকটবর্তী কোন স্থানে অবস্থান করছেন। তুমি যদি চাও তাহলে তুমি তোমার যে উষ্টিটি আমার নিকট পেশ করছিলে তা রাস্ল (ছাঃ)-এর নিকট পেশ করতে পার। যদি তিনি তা গ্রহণ করেন তাহলে আমিও তা গ্রহণ করব। আর যদি তিনি তা প্রত্যাখ্যান করেন তাহলে আমিও তা প্রহণ করব। আর যদি তিনি তা প্রত্যাখ্যান করেন তাহলে আমিও তা প্রহণ করব। কেট) পেশ করহল যে উদ্ভিটি সে আমার নিকট পেশ করছিল সে উদ্ভিটি নিয়ে আমার সাথে রওনা দিল। এমকি আমারা রাস্লুল্লাহ (ছাঃ)-এর নিকট পৌঁছে গেলাম। তখন সে বলল, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আপনার নিয়োজিত যাকাত আদায়কারী আমার কাছে যাকাত আদায়ের উদ্দেশ্যে এসেছিল। আর আল্লাহর শপথ! ইতিপূর্বে আপনার পক্ষ থেকে কেউ আমার নিকট যাকাত আদায়ের জন্য আসেনি। আমি তার সামনে আমার সম্পদ পেশ করলাম। তখন তিনি বললেন, আমার উপর একটি এক বছরের উদ্ভি যাকাত ফরয়। অথচ সেটি দুধও দিবে না এবং তার পিঠে আরহণও করা যাবে না। আমি তার নিকট যৌবনে পদার্পণকারী যোটা তাজা উদ্ভি গ্রহণ করার জন্য পেশ করলাম। কিন্তু তিনি তা গ্রহণ করতে



অস্বীকৃতি জানালেন। আর এই হচ্ছে সেই উদ্ভি যা আমি আপনার নিকট নিয়ে এসেছি, আপনি তা গ্রহণ করুন। রাসূল (ছাঃ) বললেন, তোমার উপর ফরয ছিল তাই যা সে বলেছে। কিন্তু যদি তুমি নিজের খুশীতে ভাল কাজ করতে চাও তাহলে আল্লাহ তা'আলা তোমাকে উত্তম প্রতিদান দিবেন। আর আমরাও তা গ্রহণ করব। সে বলল, এই হচ্ছে সেই উদ্ভি যা আপনার নিকট নিয়ে এসেছি। অতএব আপনি তা গ্রহণ করুন। অতঃপর রাসূল (ছাঃ) তা গ্রহণ করার নির্দেশ দিলেন এবং তার সম্পদের বরকতের জন্য দো'আ করলেন।[1]

ফুটনোট

[1]. আবুদাউদ হা/১৫৮৩; ছহীহ ইবনু খাযায়মাহ হা/২২৭৭; আলবানী, সনদ হাসান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3291

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন